

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
জগন্নাথপুর, সুনামগঞ্জ  
<http://jagannathpur.sunamganj.gov.bd>

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.০৭.০১০.২৪- ১৪৩


তারিখ : ১২.০২.২০২৪ খ্রি.

অফিস আদেশ

যেহেতু আমার নিকট প্রতীয়মান হচ্ছে যে, ২০২২ সালের ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা চলাকালীন অপ্রত্যাশিত ব্যক্তি বা ব্যক্তিবর্গের দ্বারা শান্তি ভঙ্গের আশংকা বিদ্যমান এবং আমার আরো বিশ্বাস করার কারণ রয়েছে যে, অন্য কোন ভাবে এ শান্তি ভঙ্গের কারণ রোধ করা যাবে না এক্ষণে সেহেতু আমি আল-বশিরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জগন্নাথপুর, সুনামগঞ্জ আগামী ১৫.০২.২০২৪ খ্রি. তারিখ হতে ২০২২ সালের ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা চলাকালীন সকল দিবস ও সময়ে পরীক্ষা কেন্দ্রে / ভেন্যুর ২০০ (দুইশত) গজ ব্যাসার্ধের মধ্যে উচ্চ শব্দ সৃষ্টিকারী কোন যন্ত্র, পরীক্ষা সাথে সংশ্লিষ্ট নয় এরূপ ব্যক্তি বা সংগঠন এবং শান্তি ভঙ্গের আশংকা সৃষ্টিকারী কোন উপাদানসহ কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের চলাচলের উপর নিয়ন্ত্রণ ও প্রবেশ নিষিদ্ধ করে ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা জারী করলাম। এ আদেশ নিম্নোক্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১. বৈধ প্রবেশপত্রধারী সকল পরীক্ষার্থী।
২. পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত পুলিশ বাহিনীসহ সকল কর্মকর্তা/কর্মচারী।
৩. পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত সকল পরিদর্শক/পরীক্ষক/পর্যবেক্ষক ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারী।
৪. পরীক্ষার কাজে সেবাদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠান।

এ আদেশ আমার স্বাক্ষর ও অফিসের মোহরযুক্ত মতে অদ্য ১৪.০২.২০২৪ খ্রি. তারিখ জারী করা হলো।

  
(আল-বশিরুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
নির্বাহী ম্যাজিস্ট্রেট  
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

ইমেইল : unojagannathpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.০৭.০১০.২৩-

তারিখ-১২.০২.২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্যঃ

০১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০২. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০৪. উপজেলা----- অফিসার (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
০৫. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, সুনামগঞ্জ।
০৬. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক,....., উচ্চ বিদ্যালয়/ মাদ্রাসা ও কেন্দ্র সচিব,  
..... উচ্চ বিদ্যালয়/ মাদ্রাসা, এসএসসি ও দাখিল পরীক্ষা কেন্দ্র, জগন্নাথপুর, সুনামগঞ্জ।  
তাকে পরীক্ষা কেন্দ্রের নির্ধারিত এলাকা খুঁটিযুক্ত লাল পতাকা দ্বারা চিহ্নিতকরণসহ উল্লিখিত আদেশটি মাইকযোগে ব্যাপক প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭. অফিস নথি / মাস্টার ফাইল।